

স্পিডবোট নিবন্ধনে ‘নিবন্ধন সপ্তাহ’ পালনে নৌপরিবহন প্রতিমন্ত্রীর নির্দেশ

ঢাকা, ০৩ সেপ্টেম্বর;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি স্পিডবোট নিবন্ধনের বিষয়ে গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, নিবন্ধন ছাড়া স্পিডবোট চলতে দেয়া যাবে না। এ বিষয়ে সরকার শক্ত অবস্থানে রয়েছে। স্পিডবোট নিবন্ধনের লক্ষ্যে তিনি নৌপরিবহন অধিদপ্তরকে ‘নিবন্ধন সপ্তাহ’ পালনের নির্দেশ দিয়েছেন।

প্রতিমন্ত্রী আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে নৌপরিবহন অধিদপ্তরের প্রশাসনিক, আর্থিক ও উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত বৈঠকে এ নির্দেশ দেন।

এসময় অন্যান্যের মধ্যে মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী, নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর আবু জাফর মোঃ জালালউদ্দিন, সরকারি শিপিং অফিসের শিপিং মাস্টার মোঃ জাকির হোসেন চৌধুরী এবং নৌবাণিজ্য দপ্তরের প্রিন্সিপাল অফিসার ক্যাপ্টেন গিয়াসউদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

প্রতিমন্ত্রী নৌপরিবহন অধিদপ্তরের সেবার মানো আরো গতিশীলতা আনয়নে জনবল নিয়োগে বিশেষ করে সার্ভেয়ার নিয়োগ কার্যক্রম দ্রুত করার নির্দেশ দেন। তিনি নৌদুর্ঘটনা হ্রাসে নৌযানে ‘রিভার্সিবল গিয়ার’ সংযোজন কার্যক্রম অব্যাহত রাখারও নির্দেশ দেন।

বৈঠকে জানানো হয় যে, বাংলাদেশের নৌযানের প্রকৃত সংখ্যা নির্ণয়ের জন্য নৌশুমারী সংক্রান্ত একটি প্রকল্প অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে শীঘ্রই পাঠানো হবে।

প্রতিমন্ত্রী পরে মন্ত্রণালয়ের সভাকক্ষ থেকে অনলাইনে (ভার্চুয়াল) বাংলাদেশ মেরিন একাডেমী এবং ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের প্রশাসনিক, আর্থিক ও উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত বৈঠকে সভাপতিত্ব করেন।

মেরিন একাডেমীর কমান্ডেন্ট সাজিদ হোসেন এবং ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের প্রিন্সিপাল ক্যাপ্টেন ফয়সাল আজিম অনলাইনে অন্যান্যের মধ্যে সংযুক্ত ছিলেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com,